চুয়াডাঙ্গা পৌরসভার উদ্যোগে গড়ে তোলা হচ্ছে পাখিদের অভয়াশ্রম

চুয়াডাঙ্গা পৌরসভার উদ্যোগে শহরের সর্বত্র পাখিদের অভয়াশ্রম গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। পাখিদের বাসস্থান তৈরির মধ্য দিয়ে প্রকৃতির ভারসাম্য রক্ষার উদ্দেশ্যে এ উদ্যোগ নিয়েছে পৌর কর্তৃপক্ষ।

এ উপলক্ষে শনিবার সকালে পৌর পানি শোধনাগার চত্বরে পাখিদের অভয়াশ্রম তৈরি কার্যক্রমের উদ্বোধন করা হয়। চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী এ কর্মসূচির উদ্বোধন করেন।

পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মণি জানান, পৌর এলাকায় গাছের ডালে ডালে মাটির পাত্র স্থাপন শুরু করা হয়েছে।পর্যায়ক্রমে পৌর এলাকার সকল ওয়ার্ডে ১০ হাজার মাটির পাত্র স্থাপন করা হবে।

এসময় উপস্থিত ছিলেন শিল্প ও বণিক সমিতির সভাপতি ইয়াকুব হোসেন মালিক, দোকান মালিক সমিতির সহ-সভাপতি আব্দুল কাদের জগলু, পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মণি, মুন্সি রেজাউল করিম খোকন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. জানিফ প্রমুখ।